# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৩১৬

৬. সদাচারণ ও ন্যায়নিষ্ঠতা সংশ্লিষ্ট কিতাব (كِتَابُ الْبِرِّ وَالْإِحْسَانِ)

পরিচ্ছেদঃ মানুষের জন্য আবশ্যক হলো ফরযসমূহ পালন করা, সাথে সাথে নফল ইবাদত করা এবং নিজের ও পরিবারের হক আদায় করা

## ذِكْرُ الْإِخْبَارِ عَمَّا يَجِبُ عَلَى الْمَرْءِ مِنَ الْقِيَامِ فِي أَدَاءِ الْفَرَائِضِ مَعَ إِتْيَانِ النَّوَافِلِ ثُمَّ إِعْطَائِهِ عَنْ نَفْسِهِ وَعِيَالِهِ فِيمَا بَعْدُ

আরবী

أَخْبَرَنَا أَحْمَدُ بْنُ عَلِيِّ بْنِ الْمُثَنَّى حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ الْخَطَّابِ الْبَلَدِيُّ الزَّاهِدُ حَدَّثَنَا أَبُو جَابِرٍ ـ مُحَمَّدُ بْنُ عَبْدِ الْمَلِكِ ـ حَدَّثَنَا إِسْرَائِيلُ عَنْ أَبِي إِسْحَاقَ عَنْ أَبِي بُرْدَةَ عَنْ أَبِي مُوسَى قَالَ: (دَخَلَتِ امْرَأَةُ عُثْمَانَ بْنِ مَظْعُونٍ عَلَى نِسَاءِ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَرَأَيْنَهَا سَيِّئَةَ الْهَيْئَةِ فَقُلْنَ: مَا لَكِ مَا فِي قُرَيْشٍ رَجُلٌ أَغْنَى مِنْ بَعْلِكِ قَالَتْ: مَا لَنَا مِنْهُ شَيْءٌ؟ أَمَّا نَهَارُهُ فَصَائِمٌ وَأَمَّا لَيْلُهُ فَقَائِمٌ قَالَ: فَدَخَلَ النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَذَكَرْنَ ذَلِكَ لَهُ فَلَقِيَهُ النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فقَالَ: (يَا عُثْمَانُ أَمَا لَكَ فِيَّ أُسْوَةٌ؟ ) قَالَ: وَمَا ذَاكَ يَا رَسُولَ اللَّهِ فِدَاكَ أَبِي وَأُمِّي؟ قَالَ: (أَمَّا أَنْتَ فَتَقُومُ اللَّيْلَ وَتَصُومُ النَّهَارَ وَإِنَّ لِأَهْلِكَ عَلَيْكَ حَقًّا وَإِنَّ لِجَسَدِكَ عَلَيْكَ حَقًّا صَلِّ وَنَمْ وصُم وَأَفْطِرْ) قَالَ: فَأَتَتْهُمُ الْمَرْأَةُ بَعْدَ ذَلِكَ عَطِرَةً كَأَنَّهَا عَرُوسٌ فَقُلْنَ لَهَا: مَهْ قَالَتْ: أَصَابَنَا مَا أَصَابَ الناس.)

الراوي : أَبُو مُوسَى | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 316 | خلاصة حكم المحدث: صحيح.

বাংলা

৩১৬. আবু মুসা আল আশ‘আরী রাদ্বিয়াল্লাহু আনহা থেকে বর্ণিত, তিনি বলেন, উসমান বিন মাযউনের স্ত্রী রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এর স্ত্রীদের কাছে আসেন, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এর স্ত্রীগণ তাঁর বেশভূষা ভাল দেখলেন না, তাঁরা তাঁকে বললেন: “আপনার কী হয়েছে, আপনার কুরাইশদের মাঝে আপনার

স্বামীর চেয়ে কেউ তো ধনী নেই?” জবাবে তিনি বলেন: “তাঁর সাথে আমাদের কোন যোগাযোগ নেই। তাঁর দিন কাটে সিয়াম রেখে আর রাত কাটে কিয়াম করে।” রাবী বলেন, এমন সময় রাসূল ঘরে প্রবেশ করেন। অতঃপর তাঁর স্ত্রীগণ তাঁকে বিষয়টি আলোচনা করেন। এরপর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এর সাথে উসমান বিন মাযউনের সাক্ষাৎ হলে রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেন: “হে উসমান, আমার মাঝে কি তোমার জন্য উত্তম আদর্শ নেই?” তিনি বলেন: “হে আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম, কী হয়েছে? আপনার জন্য আমার বাবা-মা কুরবান হোক!” রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেন: “তুমি তো সারা রাত কিয়াম করো, সারা দিন সিয়াম রাখো। অথচ তোমার পরিবারের তোমার উপর হক রয়েছে, তোমার উপর তোমার শরীরের হক রয়েছে। রাতে সালাত আদায় করবে এবং ঘুমাবে, সিয়াম রাখবে এবং ছেড়েও দিবে।” রাবী বলেন, এরপর উসমান বিন মাযউনের স্ত্রী রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এর স্ত্রীদের কাছে সুগন্ধি ব্যবহার করে আসেন যেন তিনি নববধূ। তখন তাঁরা তাঁকে বলেন: “কী ব্যাপার?” জবাবে তিনি বলেন: “অন্যান্য মানুষ যা পায়, আমরাও তাই পেয়েছি!”[1]

## ফুটনোট

[1] তাবাকাতু ইবনু সা‘দ: ৩/৩৯৪-৩৯৫; মাজমা‘উয যাওয়াইদ: ৪/৩০১-৩০২।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাঊত রহিমাহুল্লাহ হাসান বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ আবু দাউদ: ১২৪০।)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ আবূ মূসা আল- আশ'আরী (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=88615

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন